গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বটিয়াঘাটা, খুলনা।
unobatiyaghata@mopa.gov.bd

স্মারক নম্বরঃ ৩১.৪৪.৪৭১২.০০.০০০.০২৪.- ২০৮৭

তারিখঃ ১৬ পৌষ ১৪৩১ / ৩১ ডিসেম্বর ২০২৪

**"ইজারা বিজ্ঞপ্তি"**

এতদ্বারা নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন এর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর বিধি বিধানের আলোকে এবং ভূমি মন্ত্রণালয়ের গত ১৭/১২/২০২৪ খ্রি.তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ- ২)-৬৯৪ নম্বর স্মারক এর জারীকৃত নির্দেশনা মোতাবেক খুলনা জেলার বটিয়াঘাটা উপজেলাধীন নিম্নবর্ণিত ২০ একরের নিচে (বদ্ধ) জলমহালসমূহ বঙ্গাব্দ ১৪৩২ হতে ১৪৩৪ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত নিম্নে বর্ণিত সময়সূচিতে উল্লিকিত নির্ধারিত সময়ের মধ্যে অন-লাইনে jm.lams.gov.bd দরখাস্ত আহবান করা যাচ্ছে। আবেদনপত্র দাখিলের শর্তসমূহ এবং ইজারা সংক্রান্ত প্রয়োজনীয় তত্য উপজেলা ভূমি অফিস, বটিয়াঘাটা, খুলনা থেকে জানা যাবে।

| ক্রমিক নং | তারিখ | গৃহীত কাযক্রম |
|---|---|---|
| ০১ | ০১ মাঘ থেকে ১৪ মাঘ | অন-লাইনে ইজারা আবেদন দাখিল |
| ০২ | ১৪ মাঘ থেকে পরবর্তী ৩ (তিনি) কার্যদিবসের মধ্যে | অন-লাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
| ০৩ | ২০ মাঘ থেকে ২৬ মাঘের মধ্যে | অন-লাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই- বাছাই। |
| ০৪ | ২৭ মাঘ থেকে ০৪ ফাল্গুনের মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ০৫ | ০৫ ফাল্গুন থেকে ২৫ ফাল্গুনের মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ০৬ | ২৬ ফাল্গুন থেকে ২৮ ফাল্গুনের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহিতাকে অবহিত করণ। |
| ০৭ | ২৯ ফাল্গুন থেকে ২০ চৈত্রের মধ্যে | ইজারা গ্রহিতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহিতার সাথে চুক্তি সম্পাদন। |
| ০৮ | ১ লা বৈশাখ | ইজারা গ্রহিতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

**১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ মেয়াদে ইজারাযোগ্য (বদ্ধ) জলমহালের ইউনিয়নওয়ারি তালিকা:**

| ক্র নং | জলমহালের নাম | ইউনিয়নের নাম | আয়তন (একরে) | সরকার নির্ধারিত মূল্য | ক্র.নং | জলমহালের নাম | ইউনিয়নের নাম | আয়তন (একরে) | সরকার নির্ধারিত মূল্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | কালিয়াতলা খাল | ভান্ডরকোট, বালিয়াডাঙ্গা | ৬.৩৮ | ৪৯,৮৭৫/- | ১৬ | বড়কাটাখালী খাল | বটিয়াঘাটা | ৭.২০ | ৮,৯১০/- |
| ২ | গুপ্তমারী খাল | জলমা | ৪.১৪ | ৮,২০০/- | ১৭ | পাঁচুর দুয়ারী খাল | বালিয়াডাঙ্গা | ৭.৮৩ | ২২,০০০/- |
| ৩ | কাদেরে কাটা খাল | জলমা | ১.৭৫ | ২,৯০০/- | ১৮ | নোয়াপাখিয়া খাল | বালিয়াডাঙ্গা | ১৩.৭০ | ১,৬৫,০০০/- |
| ৪ | কচুবুনিয়া খাল | জলমা | ৬.০০ | ১৫,০০০/- | ১৯ | প্রেমাইখালী খাল | বালিয়াডাঙ্গা | ২.৯৪ | ৫,০০০/- |
| ৫ | মহিন্দর খাল | জলমা | ৫.৯০ ,, | ২৩,২০০/- | ২০ | বাটকেমারী খাল | বালিয়াডাঙ্গা | ৮.৩২ | ১,০৭,৮১৫/- |
| ৬ | শাচিবুনিয়া খাল | জলমা | ৭.৫০ | ১৬,৭৪৮/- | ২১ | হালিয়া খাল | ভান্ডারকোট | ৮.৪৫ | ১,৯৯,৫০০/- |
| ৭ | কৈয়া নদী জলকর | জলমা | ১৯.২০ | ২৫,০০০/- | ২২ | ঘাটের খাল | ভান্ডারকোট | ৫.০০ | ২২,০৫০/- |
| ৮ | সুদুরিয়া খাল | বটিয়াঘাটা | ৫.৭৬ | ৪,০০০/- | ২৩ | নোয়াইলতলা খাল | ভান্ডারকোট | ২.৮৫ | ১২,০০০/- |
| ৯ | দশকাটিয়া খাল | বটিয়াঘাটা | ৫.৪০ | ৮,৫০০/- | ২৪ | দেয়ার খাল | বটিয়াঘাটা | ৬.০০ | ৪৭,২৫০/- |
| ১০ | মজুমদারের কাটা খাল | বটিয়াঘাটা | ৫.৭০ | ২১,০০০/- | ২৫ | বুহিতমারী খাল | সুরখালী | ৮.৬৩ | ৭,০০০/- |
| ১১ | বৈরাগীর খাল | বটিয়াঘাটা | ৩.১১ | ১৫,০০০/- | ২৬ | টাকিমারী খাল | সুরখালী | ৪.০০ | ৬,০০০/- |
| ১২ | চর হালিয়া খাল | ভান্ডারকোট | ৩.৮০ | ২১,০০০/- | ২৭ | রায়পুর জলকর | সুরখালী | ১৩.৫২ | ৩১,৫০০/- |
| ১৩ | বটিয়াঘাটা খাল-২ | বটিয়াঘাটা | ৮.৬০ | ৯,৫০০/- | ২৮ | বগাখালী খাল | সুরখালী | ১৮.৪৮ | ২,৭৫,৫০০/- |
| ১৪ | হাটবাড়ী সীমানার খাল | বটিয়াঘাটা | ৩.০০ | ২৯,১৫০/- | ২৯ | বুনার দোয়ানিয়া খাল | সুরখালী | ১৪.৫৪ | ৩৮,৬১০/- |
| ১৫ | গোড়াখালী খাল | আমিরপুর | ৩.৯১ | ৮,৬০০/- | ৩০ | কোচার দোয়ানিয়া খাল | সুরখালী | ৭.৪২ | ২৫,৩০০/- |

CamScanner

১৬। জলমহাল ইজারার মেয়াদ বঙ্গাব্দ ১৪৩২ সনের ১ বৈশাখ থেকে ভুতাপেক্ষভাবে এবং ১৪৩৩ ও ১৪৩৪ সনের ১ বৈশাখ থেকে শুরু হবে এবং একই বছর ৩০ চৈত্র তা শেষ হবে। এ সময়ের মধ্যে কোন খাস কালেকশন করা হলে তা সরকারি খাতে জমা হবে, ইজারাপ্রাপ্ত সমিতি/সংগঠন পাবে না।

১৭। ২য় বছরের সম্পূর্ণ ইজারামূল্য ১ম বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। পরবর্তী বছরের ইজারা মূল্য ও একইভাবে পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। নির্ধারিত তারিখের মধ্যে ইজারামূল্য পরিশোধে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্তসহ ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৮। আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে।

১৯। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

২০। যে কোন দরখাস্ত বাতিল / গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২১। উপরে বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য কোন বিষয়ে জানার প্রয়োজন হলে তা সংশ্লিষ্ট অফিস হতে জানা যাবে।

৩১.১২.২০২৪

(হোসনে আরা তান্নি)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বটিয়াঘাটা,খুলনা।

স্মারক নম্বর- ৩১.৪৪.৪৭১২.০০.০০০.০১৪.২৪- ২২৪২ (২৫)

তারিখঃ ১৬ পৌষ ১৪৩১ / ৩১ ডিসেম্বর ২০২৪

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে লটকিয়ে যথাযথভাবে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবসহা গ্রহণের নিমিত্তে প্রেরিত হলোঃ-

১। জেলা প্রশাসক, খুলনা।
২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা।
৩। রেভিনিউ ডেপুটি কালেক্টর, খুলনা।
৪। উপজেলা সিনিয়র মৎস্য/কৃষি/সমবায়/সমাজসেবা/যুব উন্নয়ন/মহিলা বিষয়ক অফিসার, বটিয়াঘাটা, খুলনা।
৫। অফিসার ইন-চার্জ, বটিয়াঘাটা থানা, বটিয়াঘাটা, খুলনা।
৬। চেয়ারম্যান, জলমা/বটিয়য়াঘাটা/সুরখালী/বালিয়াডাঙ্গা/গঙ্গারামপুর/ভান্ডারকোট/আমিরপুর, ইউনিয়ন পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, বটিয়াঘাটা/সুরখালী/বালিয়াডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিস, বটিয়াঘাটা, খুলনা।
৮। জনাব--------------------------------------------সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, বটিয়াঘাটা, খুলনা।
৯। সভাপতি/সম্পাদক ,------------------------------------------------------সমিতি, বটিয়াঘাটা, খুলনা।
১০। অফিস কপি।

৩১/১২/২৪

(শরীফ শাওন)
সহকারী কমিশনার (ভূমি)
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বটিয়াঘাটা, খুলনা।

CamScanner

| ক্র নং | জলমহালের নাম | ইউনিয়নের নাম | আয়তন (একরে) | সরকার নির্ধারিত মূল্য | ক্র.নং | জলমহালের নাম | ইউনিয়নের নাম | আয়তন (একরে) | সরকার নির্ধারিত মূল্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৩১ | পর সলুয়া খাল | গঙ্গারামপুর | ৫.৯৯ | ১৫,০০০/- | ৩৯ | পার্শ্বেমারী খাল (সুরখালী) | সুরখালী | ৩.০৪ | ১,৫১,৭৫০/- |
| ৩২ | সলুয়ার দোহা খাল | গঙ্গারামপুর | ৫.০০ | ৭,০০০/- | ৪০ | কাটাখালী খাল (হালিয়া) | ভান্ডারকোট | ৬.০২ | ৩৬,৭৭৫/- |
| ৩৩ | পোড়াখালী খাল | আমিরপুর | ৩.৯১ | ৮,৬০০/- | ৪১ | নোয়াইলতলা দক্ষিণ খাল | ভান্ডারকোট | ২.৮৭ | ১৪,৭০০/- |
| ৩৪ | খেজুরতলা খাল | গঙ্গারামপুর | ৫.৫৯ | ১৯,৯৫০/- | ৪২ | তালতলা খাল | বটিয়াঘাটা | ৪.০০ | ১৯,৪৫০/- |
| ৩৫ | ঘাটের খাল (কাতিয়ানাংলা) | গঙ্গারামপুর | ৩.৬২ | ১৭,৪৪০/- | ৪৩ | ওড়াবুনিয়া খাল | গঙ্গারামপুর | ৬.৮৯ | ৩২,৫৫০/- |
| ৩৬ | পোক্কামারী খাল | গঙ্গারামপুর | ৫.০০ | ২২,০০০/- | ৪৪ | কাটাখালী খাল | বটিয়াঘাটা | ৮.৭০ | ২১,০০০/- |
| ৩৭ | কাজীবাছা জলকর (খোলা-২) | জলমা | ১৬.৬২ | ৩৬,৭৫০/- | ৪৫ | গাংশিরা খাল | ভান্ডারকোট | ৬.০৮ | ৬,৩০০০/- |
| ৩৮ | সুখদাড়া খাল | গঙ্গারামপুর | ৫.৫০ | ৯৮,৭০০/- | | | | | |

শর্তাবলী:

০১। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি যা সমবায়/সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত সে সমিতি বা সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনা জন্য আবেদন করতে পারবেন, কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবেন না।

০২। আবেদন দাখিলের পূর্বে জলমহালের অবস্থান, পরিমাণ ইত্যাদি প্রত্যক্ষভাবে যাচাই-বাচাই করে আবেদন দাখিল করতে হবে। এ বিষয়ে পরবর্তীতে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

০৩। আবেদন দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি / সংগঠন তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন এবং একইসাথে তার অনুলিপি উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করবেন।

০৪। আবেদনকারী সমবায় সমিতি বা অন্য কোন সমিতি, বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ জেলা বা উপজেলা সমবায় কর্মকর্তা/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করবেন ও বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করবেন।

০৫। আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/ সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে।

০৬। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তীনিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

০৭। আবেদনপত্রের সাথে সংগঠন / সমিতির গঠনতন্ত্রের কপি, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, ব্যাংক এ্যাকাউন্টের লেনদেন, অডিট রিপোর্টসহ সরকারি জলমহাল ব্যবসহাপনা নীতি'০৯ এর আলোকে প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে।

০৮। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতিকে ০৩ (তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহাল-এর মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে।

০৯। সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% পে অর্ডার / ব্যাংক ড্রাফ্ট / এমআইসিআর চেক জামানত হিসাবে উপজেলা নির্বাহী অফিসার, বটিয়াঘাটা, খুলনা এর নামে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

১০। আবেদনপত্র যাচাই-বাছাই অন্তে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন সাপেক্ষে জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর যাবতীয় শর্ত বিবেচনা করে আলাপ আলোচনার ভিত্তিতে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হবে । সিদ্ধান্ত প্রদানের ২৩ চৈত্রের মধ্যে সরকার নির্ধারিত ইজারামূল্যসহ উদ্ধৃত টাকার ৫% আয়কর ও ১৫% ভ্যাটসহ সমুদয় ইজারামূল্য পরিশোধ সাপেক্ষে এবং ইজারা গ্রহিতার সাথে চুক্তি সম্পাদন হবে। ব্যর্থতায় ইজারা বাতিলসহ জামানত বাবদ জমাকৃত টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

১১। মৎস্যজীবী সংগঠন/সমিতিকে যাচাই বাছাই এর ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতি এর কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারামূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্তে কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে উক্ত জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

১২। লীজ গ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ অথবা অন্য কোন ব্যক্তি /গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকে, তাহলে উক্ত লীজ বাতিল বলে গণ্য হবে এবং লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। উক্ত লীজ গ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী বছর জলম, হাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবেন না।

১৩। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দু'টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত গ্রহণ করতে পারবেন না।

১৪। কোন জলমহাল/জলমহালের অংশ বিশেষের উপর মন্ত্রণালয়ে/দেওয়ানী আদালতের স্থিতাবস্থার আদেশ / নিষেধাজ্ঞা থাকলে তা এই বিজ্ঞপ্তিতে উল্লেখ করা না হলেও ইজারা বহির্ভূত থাকবে। মামলা আছে কিন্তু স্থিতাবস্থার আদেশ / নিষেধাজ্ঞা নেই এরূপ ক্ষেত্রে ইজারা প্রদান করা হবে।

১৫। প্রথম বছরের ইজারা মূল্য পরিশোধের সঙ্গে সঙ্গে আবেদনকারীকে ইজারা চুক্তি সম্পাদন করতে হবে। অন্যথায় যথাসময়ে জলমহালের দখল না পাওয়ার অজুহাতে পরবর্তীতে কোন ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবেনা। লীজ চুক্তি সম্পাদন ব্যতীত জলমহালের দখল গ্রহণ করা যাবে না।

CamScanner